

রাজনীতি

ডিএনসিসি প্রশাসকের বক্তব্যের প্রতিবাদ জামায়াতের, চাইলেন প্রমাণ



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৫:৩৩ PM



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান মিল্টনের বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির দাবি, জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের ব্যক্তিগত মালিকানায় ৭০০টি অটোরিকশা থাকার বিষয়ে ইঙ্গিতপূর্ণ বক্তব্য দিয়েছেন ডিএনসিসি প্রশাসক।

শুক্রবার (৯ অক্টোবর) দেওয়া এক বিবৃতিতে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এডভোকেট এহসানুল মাহবুব জুবারের এ প্রতিবাদ জানান।

বিবৃতিতে তিনি বলেন, বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদে ডিএনসিসি প্রশাসকের বক্তব্যের মাধ্যমে মিয়া গোলাম পরওয়ারকে ইঙ্গিত করা হয়েছে বলে প্রতীয়মান হয়। এ ধরনের বক্তব্যকে কাল্পনিক, অসত্য, ভিত্তিহীন ও বানোয়াট উল্লেখ করে এর নিন্দা জানায় দলটি।

এহসানুল মাহবুব জুবায়ের বলেন, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে ডিএনসিসি প্রশাসকের কাছ থেকে তথ্যনির্ভর ও শালীন বক্তব্য প্রত্যাশিত। কোনো রাজনৈতিক দলের শীর্ষ নেতার ব্যক্তিগত মালিকানায় ৭০০টি অটোরিকশা থাকার মতো অভিযোগ করার আগে সুনির্দিষ্ট ও নির্ভরযোগ্য প্রমাণ উপস্থাপন করা প্রয়োজন।

তিনি আরও বলেন, অটোরিকশা চলাচল, যানজট নিরসন, সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং চালকদের জীবিকার বিষয়গুলো জনস্বার্থের আলোকে বিবেচনা করা দরকার। এসব বিষয়ে রাজনৈতিক দলের বক্তব্যের বিরোধিতা করতে হলে যুক্তি, তথ্য ও বাস্তবসম্মত পদক্ষেপের মাধ্যমে তা করা উচিত বলে মন্তব্য করেন তিনি।

বিরূতিতে ডিএনসিসি প্রশাসককে তার বক্তব্যের পক্ষে সুনির্দিষ্ট ও যাচাইযোগ্য প্রমাণ জনসমক্ষে উপস্থাপনের আহ্বান জানানো হয়। প্রমাণ দিতে ব্যর্থ হলে বক্তব্য প্রত্যাহার করে প্রকাশ্যে দুঃখ প্রকাশেরও দাবি জানিয়েছে জামায়াত।

এ বিভাগের আরও খবর



সংখ্যালঘু-সংখ্যাগুরু নয়, সবার পরিচয় বাংলাদেশি: মাহদী আমিন
সংখ্যালঘু বা সংখ্যাগুরুর বিভাজন নয়, সব নাগরিকের সমান অধিকার, নিরাপত্তা, স্বাধীনতা ও মর্যাদা নিশ্চিত করে বাংলাদেশ গড়ে তুলতে চায় সরকার। ধর্মীয়...



ক্ষমতার জন্য নয়, রাজনীতি হতে হবে জনগণের অধিকার প্রতিষ্ঠার: মঈন খান
রাজনীতি শুধু ক্ষমতা অর্জনের জন্য নয়, বরং জনগণের অধিকার প্রতিষ্ঠা ও মানুষের কল্যাণ নিশ্চিত করার জন্য হতে হবে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার...



আওয়ামী লীগের সম্মেলনীয়া এখন রিকশাচালক হিসেবে হাজির হয়েছে: চিফ হুইপ
রাজধানীতে অটোরিকশার বেশরোয়া চলাচল বেড়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। এ
প্রসঙ্গে তিনি দাবি করেন, আওয়ামী লীগের প...



সরকারকে বেকায়দায় ফেলতে নাশকতার অপচেষ্টা চলছে: রিজভী
নির্বাচিত সরকারকে বেকায়দায় ফেলতে এবং দেশকে অস্থিতিশীল করতে বিভিন্ন ধরনের অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন
বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধান...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/diensisi-prshasker-bktbjr-ptibad-jamayater-chailen-prman>